



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহানগর দায়রা জজ এর কার্যালয়
খুলনা।

(ওয়েবসাইটঃ www.judiciary.gov.bd)
ই-মেইলঃ msjkhulna@gmail.com
টেলিফোনঃ 02477721171

অফিস আদেশ

নং- ৩২।

তারিখঃ ২১/৮/২০২৫ খ্রিঃ।

মহানগর দায়রা জজ আদালত, খুলনায় জারীকারক পদে কর্মরত হাফিজুর রহমান নাসিম (পাসপোর্ট নং- BM0408419) কর্তৃপক্ষকে অবহিত করনের মাধ্যমে উন্নত চিকিৎসার প্রয়োজনে ভারত গমনে ইচ্ছুক। উক্ত উদ্দেশ্যে তিনি আগামী ২৭/৮/২০২৫ খ্রিঃ তারিখ হতে ০৫/৯/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ১০ (দশ) দিন অথবা ভারত যাত্রার তারিখ হতে ১০(দশ) দিনের বহিঃ বাংলাদেশ (পূর্ণ গড় বেতনে অর্জিত) ছুটি ভোগের অনুমতিসহ কর্মস্থলের বাইরে অবস্থানের অনুমতির প্রার্থনা করেছেন। তার হিসাবে পর্যাপ্ত পরিমাণ ছুটি জমা থাকায় তাকে আগামী ২৭/৮/২০২৫ খ্রিঃ তারিখ হতে ০৫/৯/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ১০ (দশ) দিন অথবা ভারত যাত্রার তারিখ হতে ১০(দশ) দিনের বহিঃ বাংলাদেশ (পূর্ণ গড় বেতনে অর্জিত) ছুটি ভোগের প্রার্থনায় দাখিলী আবেদন বিবেচনাক্রমে প্রার্থিতমতে উল্লিখিত তারিখের ১০(দশ) দিনের বহিঃ বাংলাদেশ (পূর্ণ গড় বেতনে অর্জিত) ছুটি মঞ্জুরক্রমে তাকে কর্মস্থলের বাইরে অবস্থানের অনুমতিসহ ছুটিকালীন সময়ে ভারতে গমনের অনুমতি প্রদান করা হলো। তার অনুপস্থিতিকালে অফিস সহায়ক মোঃ হেলাল হোসেন নিজ দায়িত্বের অতিরিক্ত তার উপর অর্পিত সকল দায়িত্ব পালন করবেন।

তার এই ব্যক্তিগত বিদেশ গমনে সরকার দেশীয় বা বৈদেশিক মুদ্রার কোন অর্থ ব্যয় করবেন না।

এ অনুমতি শুধু একবার ভ্রমণের জন্য বৈধ থাকবে।

সংশ্লিষ্ট কর্মচারীর চাকুরী বহিতে নোট রাখা হোক।

সংশ্লিষ্ট সকলকে জ্ঞাত করা হোক।


স্বাক্ষরিত/-
(মোঃ শরীফ হোসেন হায়দার)
মহানগর দায়রা জজ
খুলনা।

স্মারক নং- ১২৮(ক)(৭)/জি,

তারিখঃ ২১/৮/২০২৫ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

- ১। ভারপ্রাপ্ত জজ, হিসাব শাখা, মহানগর দায়রা জজ আদালত, খুলনা।
- ২। ইমিগ্রেশন কর্মকর্তা, বেনাপোল, যশোর/ভোমরা, সাতক্ষীরা।
- ৩। জনাব হাফিজুর রহমান নাসিম, জারীকারক, মহানগর দায়রা জজ আদালত, খুলনা।
- ৪। জনাব মোঃ হেলাল হোসেন, অফিস সহায়ক, মহানগর দায়রা জজ আদালত, খুলনা।
- ৫। জনাব মোঃ হাদিউজ্জামান, ফোকাল পার্সন, মহানগর দায়রা জজ আদালত, খুলনা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৬। আদেশ বহি।
- ৭। অফিস কপি।


২১/৮/২০২৫ খ্রিঃ
মহানগর দায়রা জজ
খুলনা।